**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 24 May 2026** **TIME: 7:45 PM**

---

১) ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের কার্যসূচী আরো একদিনের জন্য বৃদ্ধি ।

২) নতুনদিল্লীতে উচ্চ পদস্থ আধিকারিকদের সংগে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার বেশ কয়েকটি গুরুত্বপূর্ন প্রকল্প নিয়ে আলোচনা ।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী রবিবার আকাশবানীর মন কী বাত আনুষ্ঠানের মাধ্যমে জনসাধারণের সংগে মত বিনিময় ।

এবং

৪) রাজ্যের বিভিন্ন স্থানে আজ সানডেজ অন সাইকেল শীর্ষক কার্যসূচী উদযাপন ।

---

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের কার্যসূচী আরো একদিন বৃদ্ধি করা হয়েছে । পূর্বের নির্ধারিত সূচী অনুযায়ী বিধানসভার অধিবেশন ২১ থেকে ২৬ শে মে পর্যন্ত অনুষ্ঠিত হোয়ার কথা ছিল তবে এখন ২৭ শে মে পর্যন্ত আধিবেশন অনুষ্ঠিত হবে ।বিধানসভার অধ্যক্ষ রঞ্জিত কুমার দাসের পৌরহিত্যে অনুষ্ঠিত কার্য উপদেষ্টা সমিতির বৈঠকে শাসক - বিরোধী উভয় পক্ষের বিধায়কদের উপস্থিতিতে সভার কাজকর্ম একদিন বৃদ্ধি করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । সভায় আগামীকাল রাজ্যপালের ভাষণের প্রতি ধণ্যবাদসূচক প্রস্তাব সম্পর্কে আলোচনা হবে ও মুখ্যমন্ত্রী এই আলোচনার উত্তর দেবেন । সরকার ২৬ শে মে দেওয়ানীবিধি সম্পর্কিত বিল উত্থাপন করবে এবং বিলটি নিয়ে সভায় আলোচনা করা হবে ।

---

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ নতুনদিল্লীতে উচ্চ পদস্থ আধিকারিকদের সংগে রাজ্যে চলতি বেশ কয়েকটি গুরুত্বপূর্ন প্রকল্প নিয়ে আলোচনা করেন । এই প্রকল্পগুলি সম্পূর্ন হলে আসামের পরিকাঠামো জনসেবা ও সামগ্রীক বিকাশের ক্ষেত্রে আসাম নতুন গতিতে বিকাশের পথে এগিয়ে যাবে বলে তিনি উল্লেখ করেন । এর আগে মুখ্যমন্ত্রী সকালে দিল্লীর এস পি মার্গে নির্মীয়মান আসাম ভবনের নির্মাণ কাজ পরিদর্শন করেন । ড: শর্মা আসাম ভবনের কাজের অগ্রগতির খতিয়ান নেওয়া সহ গুণগত মান বজায় রেখে নির্ধারিত সময়ে নির্মাণ কাজ সম্পূর্ন করতে কতৃপক্ষকে নির্দেশ দেন ।

আগেই জানানো হয়েছে যে গতকাল মুখ্যমন্ত্রী ড: শর্মা নতুনদিল্লীতে কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সংগে দেখা করে রাজ্যের বিকাশ ও উন্নয়নের রুপরেখা সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন । অর্থমন্ত্রীর সরকারী বাসভবনে অনুষ্ঠিত এই বৈঠকে মুখ্যমন্ত্রী ড: শর্মা বিগত পাচ বছরে আসামকে প্রদান করা নিরবচ্ছিন্ন সহযোগীতার জন্য শ্রীমতী সীতারমণকে ধন্যবাদ জানান । গতকাল আলোচনাকালে মুখ্যমন্ত্রী রাজ্যের অর্থনৈতিক বিকাশ , পরিকাঠামো , সম্প্রসারণ ও বিনিয়োগ সর্ম্পর্কিত বিভিন্ন বিষয় অর্থমন্ত্রীকে অবগত করেন বলে সরকারী সূত্রে জানানো হয়েছে । তিনি বলেন যে আসামের অর্থনীতি শক্তিশালী করার জন্য তথা যোগাযোগ ব্যবস্থার উন্নতি সাধনের উদ্দেশ্যে রাজ্য সরকার বৃহৎ পরিসরের পরিকাঠামো প্রকল্প , শিল্প বিনিয়োগ কল্যাণমূলক প্রকল্প রুপায়ন করে আসছে ।বৈঠকে রাজ্যের মুখ্যসচিব ড: রবি কোটা ও মুখ্যমন্ত্রীর অতিরিক্ত মুখ্য সচিব ড: কে কে দ্বিবেদি উপস্থিত ছিলেন ।

.................................................................................................................

বায়ু সেনাবাহিনী মণিপুরের অশান্ত পরিস্থিতির মধে ইম্ফালে আবদ্ধ আসামের ১৩২ জন এন সি সি কেডেটকে গতকাল উদ্ধার করে আসামে ফিরিয়ে এনেছে । বায়ু সেনাবাহিনীর এ এন - ৩২ শ্রেণীর দুটি বিমানে করে কেডেটদেরকে আসামে নিয়ে আসা হয়েছে । এদের মধে ৫৪ জনকে যোরহাট বিমান বন্দরে এবং বাকীদেরকে গুয়াহাটীতে নিয়ে আসা হয় ।এই কেডেটেরা ১১ মে থেকে ২০ মে পর্যন্ত ইম্ফালে অনুষ্ঠিত এন ই আর ফ্লায়িং কেম্পে অংশগ্রহণ করেছিল । ২০ মে ইম্ফালে অশান্ত পরিস্থিতির সৃষ্টি হওয়ায় এবং যাতায়াত ব্যবস্থা বন্ধ হয়ে পড়ায়

তারা ইম্ফালে আবদ্ধ হয়ে পড়েছিল ।এদিকে এন সি সি কেডেট এবং তাদের অভিভাবকরা কেডেটদের সুরক্ষার প্রতি দায়বদ্ধ থাকার জন্য প্রতিরক্ষা মন্ত্রী , প্রতিরক্ষা মন্ত্রনালয় এবং বায়ু সেনার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেছে ।

.................................................................................................

কেন্দ্রীয় সরকার দেশে উদ্ভুত জ্বালানী , সার ও ঔদ্যগিক কাঁচা মালের সংকটের মধ্যে আসামের সহজে দাহ্য কয়লাকে ভবিষ্যতের বিকল্প জ্বালানী হিসেবে ব্যবহার করার সিদ্ধান্ত গ্রহণ করেছে । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর অধ্যক্ষতায় অনুষ্ঠিত কেন্দ্রীয় মন্ত্রীসভার বৈঠকে কয়লা ও লিগনাইট গ্যাসীয়করণ প্রকল্পগুলোর জন্য ৩৭ হাজার ৫০০ কোটি টাকার বৃহৎ প্রকল্পে অনুমোদন জানানো হয়েছে ।এই প্রকল্পের মাধ্যমে দেশের কয়লা সম্পদকে গ্যাস , সার এবং বিভিন্ন ঔদ্যগিক রাশায়নিক পদার্থে রূপান্তরিত করে বিদেশী আমদানীর ওপর থেকে নির্ভরশীলতা হ্রাস করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে । কেন্দ্রীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ মন্ত্রীসভার সিদ্ধান্তের বিষয়ে প্রকাশ করে বলেন যে বর্তমানে সমগ্র বিশ্বের রাজনৈতিক অস্থিরতা এবং পশ্চিম এশিয়ার সংঘাতের পরিপ্রেক্ষিতে দেশের আত্মনির্ভর হওয়া অত্যন্ত আবশ্যক । বিশেষ করে ইরাণকে কেন্দ্র করে সৃষ্টি হওয়া সংকটের ফলে বিশ্বের বাজারে তেল , গ্যাস , এবং সার সরবরাহ ব্যহত হওয়ার প্রতি লক্ষ্য রেখে কেন্দ্রীয় সরকার গ্যাসীয়করণের বৃহৎ পদক্ষেপ গ্রহণ করেছে ।এই নতুন প্রকল্প অনুযায়ি কয়লা কে গ্যাসে রূপান্তরিত করার উদ্যোগ স্থাপনের জন্য সরকার যন্ত্রপাতি এবং প্রকল্প স্থাপনের ব্যয়ের ২০ শতাংশ পর্যন্ত ভর্তুকী প্রদান করবে ।সরকার ২০৩০ সালের মধ্যে বছরে ১০ কোটি

টন কয়লা গ্যাসীয়করণের আওতায় আনার লক্ষ্য স্থির করেছে । এর মাধ্যমে বছরে  প্রায় সাত কোটি ৫০ লক্ষ টন কয়লা থেকে বিকল্প জ্বালানী , ইউরিয়া , এমোনিয়া , মিথানল ইত্যাদি উৎপাদন করা যাবে বলে আশা করা হচ্ছে ।বিশেষজ্ঞদের মতে আসাম ও উত্তরপূর্বাঞ্চলের কয়লা এই ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এই কয়লার জ্বলন ক্ষমতা অধিক এবং গ্যাসীয়করণের জন্যও উপযোগী ।

..............................................................................................

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে আকাশবানীর মন কি বাত অনুষ্ঠানের মাধ্যমে দেশ-বিদেশের জনসাধারনের সঙ্গে মনের ভাব ব্যাক্ত করবেন । এটি হবে মন কি বাত অনুষ্ঠানের ১৩৪তম পর্ব । জনসাধারন ১৮০০-১১-৭৮০০ নম্বরে ফোন করে নিজেদের মতামত বা পরামর্শ পাঠাতে পারবেন । জনসাধারন ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে পাওয়া লিংকের মাধ্যমেও নিজেদের মতামত প্রধানমন্ত্রীর কাছে পাঠাতে পারবেন ।

এছাড়া জনসাধারন নমো এ্যাপ বা মাই গভট ওপেন ফোরামের মাধ্যমেও আগামী ২৯শে মের মধ্যে পরামর্শ পাঠাতে পারবেন । এই অনুষ্ঠান আকাশবাণী ও দূরদর্শনের সবকটি নেটওয়ার্ক সহ আকাশবানীর ওয়েব সাইট এবং নিউজ অন এ আই আর মোবাইল এ্যাপের মাধ্যমেও শোনা যাবে । প্রধানমন্ত্রীর কার্যলয় , তথ্য ও সম্প্রচার মন্ত্রক , আকাশবাণী ও দূরদর্শনের ইউ টিউভ চ্যানেলের  মাধ্যমেও এই অনুষ্ঠান প্রচার করা হবে । আকাশবাণী অনুষ্ঠানটি প্রচার হওয়ার ঠিক পরেই আঞ্চলিক ভাষায় অনুবাদ প্রচার করবে ।

..............................................................................................

দেশের অন্যান্য স্থানের সংগে আসামে ও আজ সানরেজ অব সাইকেল শীর্ষক কার্যসূচী উদযাপন করা হয় ।ভারতীয় প্রযুক্তি বিদ্যা প্রতিষ্ঠান -

আই আই টি গৌহাটীতে আজ স্পর্টস অথরিটি অফ ইন্ডিয়ার উদ্যোগে এই কার্যসূচী রুপায়ন করা হয় ।  ২০৩০ সালে দেশে অনুষ্ঠেয় কমন ওয়েলথ গেমসের সংগে সংগতি রেখে সচেতনতামূলক সাইকেল র্‍্যালী বের করা হয় । উল্লেখ্য আই আই টি গৌহাটীর পক্ষ থেকে আয়োজন করা আজকের এই কার্যসূচীতে ৩৫০ জন সাইক্লিষ্ট অংশ গ্রহণ করেন ।

অন্য দিকে আসাম মেঘালয় সীমান্তবর্তী হেলিডেগঞ্জে ও আজ ফিট ইন্ডিয়া ওয়াল্ড সাইকেল ডে ও স্বচ্ছ ভারত স্বাস্থ্য ভারত শীর্ষক সচেতনতা কার্যসূচী রুপায়ন করা হয় ।

১৮৩ নম্বর বি এস এফ বেটেলিয়ানের উদ্যোগে এ উপলক্ষে আয়োজিত সাইকেল র্‍্যালীতে বহু সংখ্যক বি এস এফ জোয়ান অংশ গ্রহণ করেন ।

................................................................................................

ভারতীয় ষ্টেট বেংকের কর্মচারীরা আগামী কাল ও আগামী মঙ্গলবার দুদিনের জন্য কর্মবিরতির সিদ্ধান্ত প্রত্যাহার করেছে । ভারতীয় ষ্টেট বেংকের কর্মচারী সংস্থার উত্তরপূর্ব সংমন্ডলের সাধারণ সম্পাদক শ্যামন্ত কোঁয়র এক প্রেস বিজ্ঞপ্তিতে কথা জানান ।বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে বেংক কর্তৃপক্ষের সঙ্গে অব্যাহত থাকা দ্বিপাক্ষিক আলোচনায় ইতিবাচক সাড়া পাওয়ার ফলে কর্মবিরতি স্থগিত রাখা হয়েছে ।

................................................................................................

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে যে আসাম , মেঘালয় , সিকিম ও পশ্চিমবঙ্গে আজ ভারী বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে । বিভাগের মতে দিল্লী , হরিয়ানা , চন্ডীগড় , পূর্ব উত্তর প্রদেশ , পূর্ব মধ্য

প্রদেশ এবং বির্দভ অঞ্চলে আজ গ্রীষ্মের প্রভাব অব্যাহত থাকবে বলে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলার আলগাপুর রাজস্ব চক্র এলাকায় আসন্ন ঈদ উজ আজহা শান্তিপূর্নভাবে সম্পন্ন করতে গতকাল পাঁচগ্রাম থানায় এলাকার বিভিন্ন মসজিদ ও ঈদগাহ কমিটির সদস্যদের নিয়ে একটি প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে । আলগাপুর চক্র আধিকারীক হোসেন মোহম্মদ মুবিনের পৌরহিত্যে আয়োজিত সভায় কোরবানীর সময় আইন বিরোধী কোন কর্মকান্ডে না জড়াতে , কোরবানীর দৃশ্য সামাজিক মাধ্যমে না ছড়াতে এবং ঈদের জামাত সড়কের উপর আয়োজন না করতে অনুরোধ করা হয়েছে । সভায় পাঁচগ্রাম থানার পুলিশ আধিকারীক রঞ্জিত শইকিয়া , ঈদের দিন যান চলাচল স্বাভাবিক রাখতে এবং বেপরোয়াভাবে গাড়ি না চালানোর আহ্বান জানিয়েছেন ।

---

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগ এবং আভ্যন্তরিন গুনমান নিশ্চিতকরন কোষ-এর যৌথ উদ্যোগে গত শুক্রবার প্রাক জনগননা কার্যক্রম বিষয়ক একটি সচেতনতামূলক ওয়েবিনার অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে মূখ্য বক্তা হিসেবে অসমের জনগননা পরিচালন বিভাগের উপ-নির্দেশক শুভব্রত মূখার্জী বলেন যে জনগননার উদ্দশ্যে গৃহ তালিকা প্রস্তুত , মান চিত্রায়নের প্রাথমিক ধাপ , তথ্য সংগ্রহে ডিজিটেল প্রযুক্তির ব্যবহার এবং জনগননা সফল করতে নাগরিকদের ভূমিকা সর্ম্পকে বিশদে আলোচনা করেন । শ্রীমূর্খাজী আরো বলেন যে নির্ভুল জনগননা তথ্য প্রমানভিত্তিক সিদ্ধান্ত গ্রহনের ক্ষেত্রে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে ।

---